গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর
শিক্ষা ও কল্যাণ শাখা
http://www.jamalpur.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৫.৩৯০০.০১৯.০৮.০০৩.২০.৭৯/৮৭ (অনুচ্ছেদ)

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৭
২২ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর-এর উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ২০২১ পালন উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

সূত্র: জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর এর ২৮/০১/২০২১ খ্রি. তারিখের ২০২১/চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ/৭৩৬১(৬৪) নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের ছায়ালিপি অত্রসাথে প্রেরণ করা হলো। বিবেচ্য পত্রে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর-এর উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ২০২১ পালন উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের নিমিত্ত শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের বিষয় ও বিভাগ ভিত্তিক চিত্রাংকন ও রচনা আগামী ১০/০৩/২০২১ খ্রি. তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : ০১ (এক) ফর্দ।

২২-২-২০২১
মোঃ আরিফুর রহমান
সহকারী কমিশনার

**স্মারক নং উমাশিঅ/মেলা/জামাল/২০২০- ২০২**

**তারিখঃ ২৪/০২/২০২১ খ্রিঃ।**

**অনুলিপি অবগতি ও কার্যার্থে প্রেরিত হলোঃ**

**০১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,--------------------------------------------------------------(পত্রের মর্মানুযায়ী আপনার প্রতিষ্ঠানের বিষয় ও বিভাগ ভিত্তিক চিত্রাংকন ও রচনা আগামী ০৭/০৩/২০২১খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।)**

**০২। অফিস কপি।**

28/02/2021

**(মোঃ গোলাম এলাহী আখন্দ)**
**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার**
**মেলান্দহ, জামালপুর।**

FATHER OF THE NATION BANGABANDHU SHEIKH MUJIBUR RAHMAN MEMORIAL TRUST

# জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর

ADC (Education)

সূত্রঃ বঙ্গস্মৃজা-২/২০২১/চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতা সংক্রান্ত/৭৬২(৫৪) তারিখঃ ২৮/০২/২০২

বিষয় ঃ জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর-এর উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ২০২১ পালন উপলক্ষে শিশু-কিশোরদের চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ প্রসঙ্গে।

আগামী ১৭ মার্চ ২০২১ তারিখ রোজ বুধবার জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী। এ উপলক্ষে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের উদ্যোগে চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আগামী ১৭ মার্চ ২০২১ তারিখ এর মধ্যে বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে নিম্নোক্ত বিষয় ও বিভাগ ভিত্তিক চিত্রাংকন ও রচনা পাঠিয়ে দেয়ার জন্য অনুরোধ করা হল।

১। চিত্রাংকন প্রতিযোগিতা ঃ

চিত্রাংকন প্রতিযোগিতায় যোগদানের যোগ্যতা, চিত্রাংকনের বিষয় ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিম্নে দেয়া হল ঃ-

| ক্রমিক | বিভাগ | বয়স | চিত্রাংকনের বিষয় |
|---|---|---|---|
| ১ | ক- বিভাগ | ৬ বছর পর্যন্ত | ইচ্ছামত |
| ২। | খ- বিভাগ | ৭ থেকে ৯ বছর পর্যন্ত | বাংলাদেশের নদী ও নৌকা |
| ৩। | গ- বিভাগ | ১০ থেকে ১৩ বছর পর্যন্ত | নদী ও শহর |
| ৪। | ঘ- বিভাগ | ১৪ থেকে ১৮ বছর পর্যন্ত | বঙ্গবন্ধু ও আগামীর বাংলাদেশ |

২। রচনা প্রতিযোগিতা ঃ

(ক) রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের আগামী ১৭ মার্চ ২০২১ তারিখ এর মধ্যে রচনা প্রেরণের ব্যবস্থা করার অনুরোধ করা হল। উল্লেখ্য চিত্রাংকন ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য জাদুঘরে আসার কোন প্রয়োজন নেই।

(খ) রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণের বিভাগ ও বিষয় ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিম্নে দেয়া হল ঃ-

| ক্রমিক | বিভাগ | বয়স/ শ্রেণী | বিষয় | সর্বোচ্চ শব্দ |
|---|---|---|---|---|
| ১। | ক- বিভাগ | ৬ষ্ঠ থেকে ৭ম শ্রেণী | জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে আমার ধারণা | ৮০০ হতে ১০০০ |
| ২। | খ- বিভাগ | ৮ম শ্রেণী থেকে ১০ম শ্রেণী পর্যন্ত | আমার অঞ্চলে মুক্তিযুদ্ধের কাহিনী | ৮০০ হতে ১০০০ |
| ৩। | গ- বিভাগ | একাদশ শ্রেণী হতে দ্বাদশ শ্রেণী পর্যন্ত | ৭ই মার্চ ও মুক্তিযুদ্ধ | ১০০০ হতে ১২০০ |
| ৪। | ঘ- বিভাগ | বিশ্ববিদ্যালয় ছাত্রছাত্রীদের | জাতির জনক বঙ্গবন্ধুর রাষ্ট্রভাবনা | ১২০০ হতে ১৫০০ |

অপর পৃষ্ঠায়-

নিয়মাবলী ঃ

১। চিত্রাঙ্কন ঃ

ক) চিত্রাঙ্কন ও রচনা উভয় ক্ষেত্রে প্রতি বিভাগে ১টি শ্রেষ্ঠ পুরস্কার এবং ৫টি উত্তম পুরস্কার দেয়া হবে।

২। রচনা ঃ

ক) বাংলা অথবা ইংরেজী যেকোন একটি ভাষায় রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ করা যাবে।

খ) চিত্রাঙ্কন ও রচনা উভয় ক্ষেত্রে প্রত্যেক অংশগ্রহণকারীকে স্পষ্ট অক্ষরে নিজের নাম, বাবা-মায়ের নাম, পূর্ণাঙ্গ বর্তমান ও স্থায়ী ঠিকানা, বয়স, ফোন নম্বর (যদি থাকে)/ মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে। না লেখা হলে বাতিল বলে গণ্য হবে।

গ) আগামী ১৭ মার্চ ২০২১ তারিখের মধ্যে "কিউরেটর, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘর, বঙ্গবন্ধু ভবন, সড়ক নং-৩২, ধানমন্ডি আবাসিক এলাকা, ঢাকা-১২০৯" এই ঠিকানায় রচনা পাঠাতে হবে। এছাড়া bangabandhumuseum@gmail.com ঠিকানায় পাঠানো যাবে।

ঘ) **www.bangabandhumuseum.org.bd** এই ওয়েব সাইটের নোটিশ মেন্যুতে ফলাফল প্রকাশ করা হবে। এছাড়া জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্মৃতি জাদুঘরের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

ঙ) জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্টের মাননীয় সভাপতি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। পুরস্কার বিতরণের তারিখ পরবর্তীতে ওয়েব সাইটে জানানো হবে।

৩। আপনার জেলার শিক্ষা প্রতিষ্ঠানে সকল শিক্ষার্থীকে অবহিত করার নির্দেশ দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

(মো. নজরুল ইসলাম খান)
কিউরেটর
ফোন ঃ ০২-৪৮১২২৫৭০ (অ.)

প্রাপক ঃ
জনাব মোহাম্মদ এনামুল হক
জেলা প্রশাসক
জামালপুর